# এনডিপি করোনা বার্তা

● সংখ্যা-০১ ● মার্চ-ডিসেম্বর ২০২০

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস বা কোভিড-১৯ এর প্রাদুর্ভাব ইতোমধ্যে মানুষের জীবনযাপনের উপর প্রভাব বিস্তারের মাধ্যমে একটি ভয়াবহ মহামারিতে রুপ নিয়েছে। সমগ্র বিশ্ব তথা দেশের ক্রান্তিলগ্নে সাধারণ মানুষের মাঝে দেখা দিয়েছে চরম দুর্ভোগ। সব সময়ের মতো করোনা মোকাবেলাতেও গরীব ও দুঃস্থ মানুষের পাশে দাঁড়াতে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। মার্চ থেকে ডিসেম্বর ২০২০ পর্যন্ত করোনা ভাইরাস মোকাবেলায় এনডিপি যে সমস্ত কার্যক্রম বাস্তবায়ন করেছে তা সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলো ঃ

## জেলা প্রশাসন তহবিলে এনডিপি কর্মকর্তা/কর্মচারীগণের ১ দিনের বেতন অনুদান



সিরাজগঞ্জ জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ এর হাতে চেক হস্তান্তর করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর সকল কর্মকর্তা/কর্মচারীগণের ১দিনের বেতন স্বেচ্ছায় ৪টি জেলার জেলা প্রশাসনে অনুদান প্রদান করা হয়। সিরাজগঞ্জ, বগুড়া, পাবনা ও নাটোর জেলা প্রশাসকগণের ত্রান তহবিলে ২ (দুই ) লক্ষ টাকা করে মোট ৮ (আট) লক্ষ টাকা এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রান তহবিলে ২(দুই) লক্ষ টাকাসহ সর্বমোট ১০ (দশ) লাখ টাকা দেওয়া হয়। আরো ৪(চার) লক্ষ টাকার চাল, ডাল, তেল, সাবানসহ সর্বমোট ১৪(চৌদ্দ) লক্ষ টাকা খেটে খাওয়া দিনমজুর ও অসহায় পরিবারের মধ্যে জরুরী ভিত্তিতে বিতরণ করা হয়। এছাড়াও এনডিপি'র আলোকিত গ্রাম কর্মসূচি, প্রবীণ কল্যাণ কর্মসূচির আওতায় এবং সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, রায়গঞ্জ ও তাড়াশ উপজেলার বিভিন্ন স্থানে অস্থায়ী ক্যাম্পের মাধ্যমে ৫০০ টি পরিবারের মাঝে ত্রান সামগ্রী বিতরণ করার পাশাপাশি সিরাজগঞ্জ জেলা প্রশাসনকে ১০ টি স্প্রে মেশিন প্রদান করা হয়।

## ইউএনডিপি'র ২৯৭১ পরিবারকে মানবিক সহায়তা

২৭, ২৯ ও ৩০ সেপ্টেম্বর ২০২০ জাতীয় মানবাধিকার কমিশন ও ইউএনডিপি'র সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার ৩টি উপজেলায় করোনায় ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা প্রদান করা হয়। ফিল্ড পর্যায়ে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সহযোগিতায় যাচাই-বাচাই শেষে ২,৯৭১ টি পরিবারকে এই সহায়তা দেওয়া হয়। এর মধ্যে সিরাজগঞ্জ সদর উপজেলায় ৫৪ জন বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) ব্যাক্তিসহ মোট ৬১১টি, রায়গঞ্জ উপজেলায় ৫৫৩ জন আদিবাসী পরিবারকে এবং বেলকুচি উপজেলা ও পৌরসভার ২১০ জন বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) পরিবারকে এই কার্যক্রমের আওতাভূক্ত করা হয়।

কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ পরিবারকে প্রাধান্য দিয়ে প্রতিটি পরিবারকে চাল, ডাল, তেল, চিনি, লবন, আটা, সাবান, সুজি ইত্যাদি নিত্য প্রয়োজনীয় সামগ্রীর ২৭ কেজি মানবিক সহায়তা তুলে দেয়া হয়। সিরাজগঞ্জ সদরের সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদ রহমত উল্লাহ, বেলকুচি উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনিসুর রহমান এবং রায়গঞ্জ উপজেলা পরিষদ এর মহিলা ভাইস-চেয়ারম্যান ও প্রগতিশীল নারী প্রচেষ্টা এর নির্বাহী পরিচালক নিক্ষৃতি দাস এর নেতৃত্বে স্ব স্ব উপজেলা বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান ও ইউএনডিপি'র ইয়ূথ ভলান্টিয়ার কলাবতী রানী মাহাতো ও পরিমল মাহাতো বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন।



মানবিক সহায়তা তুলে দিচ্ছেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার


### সম্পাদনা পরিষদ

সম্পাদক ঃ
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ
মোল্লা আব্দুল্লাহ আল মেহদী
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

## ইইএস প্রকল্পের ৪টি অটো ভ্যান ও ৯টি দুধের ক্যান প্রদান

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়নাধীন হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর আর্থিক ও কারিগরি সহায়তায় সিরাজগঞ্জ জেলায় জীবনযাত্রার মান উন্নয়নে ইইএস প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। রায়গঞ্জ ও উল্লাপাড়া উপজেলায় নিয়মিত কার্যক্রমের পাশাপাশি করোনা মোকাবেলায়ও প্রকল্পটি বিভিন্ন ধরণের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় Agriculture and Livestock Value-chain প্রকল্প নামে ইইএস প্রকল্পের আওতার ৪টি অটো ভ্যান ও ৯টি দুধের ক্যান প্রদান করা হয়। ৪টি সমবায় সমিতির প্রতিটিতে ১টি করে অটো ভ্যান ও ৩টি সমিতির প্রতিটিতে ৩টি করে দুধের ক্যান বিতরণ হয়।

রায়গঞ্জ উপজেলা পরিষদ হলরুমে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মোঃ রাজিবুল আলম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান নিষ্কৃতি দাস এবং মোঃ রেজাউল করিম বাচ্চু। অন্যান্য অতিথির মধ্যে প্রকল্প সমন্বয়কারি আবু আনেশ ইউসুফসহ এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচি'র এরিয়া ম্যানেজার মোঃ মিজানুর রহমান, ৪টি সমবায় সমিতির নেতৃবৃন্দ এবং এনডিপি ইইএস প্রকল্পের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি বলেন, সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসূচির সহযোগী হিসাবে



*উপহার তুলে দিচ্ছেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার*

এনডিপি শুরু থেকেই বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। শেষে তিনি প্রকল্পের সফলতা কামনা করেন এবং সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

## সৌহার্দ্য- III কর্মসূচির ৫.৬৪ কোটি টাকার মানবিক সহায়তা



*ওয়াশ স্টেশন*

CARE Bangladesh এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় সিরাজগঞ্জ জেলার বেলকুচি, চৌহালী ও শাহ্জাদপুর উপজেলায় সৌহার্দ্য-III কর্মসূচি জীবনযাত্রার মান উন্নয়নে বিভিন্ন ধরণের কার্যক্রম বাস্তবায়ন করছে। এর মধ্যে স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম উল্লেখযোগ্য। নিয়মিত স্বাস্থ্য বিয়য়ক কার্যক্রমের পাশাপাশি করোনা মোকাবেলায় নানা কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় কর্মসূচির উদ্যোগে ৪,৭০০ জনকে ১২,০০০ টাকা করে মোট ৫.৬৪ কোটি টাকা প্রদান করা হয়। এছাড়াও স্থানীয় জনসাধারণকে হাত ধোয়ায় উদ্বুদ্ধ করতে ও সহজে হাত পরিষ্কার নিশ্চিত করতে বেলকুচি উপজেলায় ১৬টি, চৌহালী উপজেলায় ০৬টি ও শাহ্জাদপুর উপজেলায় ২০টিসহ মোট ৪২টি ওয়াশ স্টেশন নির্মান করা হয়। ওয়াশ ষ্টেশনে হাত ধোওয়ায় আগ্রহী করতে ৪২টি সচেতনতামূলক সভা করা হয়। অন্যদিকে কর্মসূচির ৩৫০ জন ইউনিয়ন দূর্যোগ ভলান্টিয়ারের মাধ্যমে করোনায় আক্রান্তদের মাঝে নানা ধরণের মানবিক সহায়তা প্রদান করা হয়।

## করোনা প্রতিরোধে এলনা প্রকল্পর উপকরণ সামগ্রী বিতরণ

এসকেএস ফাউন্ডেশন এর সহযোগিতায় ও অক্সফাম বাংলাদেশ এর অর্থায়নে **Empowering Local and National Humanitarian Actors (ELNHA) Project** সিরাজগঞ্জ জেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মাধ্যমে করোনাকালীন সময়ে করোনাভাইরাস সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। এছাড়া বিভিন্ন উপকরণও বিতরণ করা হচ্ছে। এর মধ্যে সিরাজগঞ্জ সদর উপজেলার কাওয়াকোলা ইউনিয়নে ও কাজিপুর উপজেলার সদর ইউনিয়নে মোট ২৯৮টি পরিবারকে হাইজিন কিটসহ অন্যান্য উপকরণ বিতরণ করা হয়। ১৬ই নভেম্বর ২০২০ কাওয়াকোলা ইউনিয়নে ১২৫টি পরিবারকে এবং কাজিপুর সদর ইউনিয়নে ১৭৩টি পরিবারকে এই সহায়তা প্রদান করা হয়। উপকরণ সামগ্রীর মধ্যে ছিলো ১০টি গোসলের সাবান (১২৫ গ্রাম), ৫ প্যাকেট ডিটারজেন্ট (২০০ গ্রাম), ৩ প্যাকেট স্যানিটারি প্যাড, ১টি ২০ লিটারের বালতি (ঢাকনাসহ), ৫০টি সার্জিক্যাল মাস্ক, ১টি প্লাস্টিক মগ ও ১টি লিফলেট। বিতরণ অনুষ্ঠানে কাওয়াকোলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ আব্দুল হালিম এবং কাজিপুর সদর



*করোনা সম্পর্কে সচেতনতামূলক বক্তব্য দিচ্ছেন কাজিপুর সদর ইউপি চেয়ারম্যান*

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ আতিকুর রহমান নান্নু উপস্থিত ছিলেন। এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এর নেতৃত্বে বিতরণ কার্যক্রমটি সম্পন্ন করা হয়। প্রকল্পটি করোনাভাইরাস সম্পর্কে ইউনিয়নের সর্ব-সাধারণের সচেতনতার পাশাপাশি অত্র অঞ্চলের দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর করোনার ঝুঁকি হ্রাসে সহায়তা করবে বলে মন্তব্য করেন উভয় ইউনিয়নের সচেতন জনগোষ্ঠী।

## এলনা প্রকল্পের খাদ্য সহায়তা



*উপকারভোগীদের সাথে এনডিপির নির্বাহী পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ*

এসকেএস ফাউন্ডেশনের সহযোগিতায় ও অক্সফাম বাংলাদেশ এর অর্থায়নে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলায় Empowering Local and National Humanitarian Actors (ELNHA) Project বাস্তবায়ন বিভিন্ন ধরণের কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া করোনাকালীন ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় স্থানীয় জনসাধারণের মাঝে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় ৩০ জুলাই ২০২০ সিরাজগঞ্জ সদর উপজেলার মাছুমপুর নতুন পাড়ায় অবস্থিত পাইয়ানিয়ার কে.জি এ্যান্ড প্রি-ক্যাডেট স্কুলে ৪১০ পরিবারকে বিভিন্ন উপকরণ সামগ্রী বিতরণ করা হয়। স্থানীয় জনসাধারণের মাঝে করোনা ভাইরাসের প্রভাব মেকাবেলায় স্বাস্থ্য সচেতনতা তৈরিতে কার্যক্রমটি বাস্তবায়ণ করা হয়। সামাজিক দুরত্ব বজায় রেখে প্রত্যেক পরিবারকে সিদ্ধ সাদা চাল ৪০ কেজি, প্রক্রিয়াজাত ভোজ্য তেল ৫ লিটার, মশুর ডাল ৪.৫ কেজি, চিড়া ২.২৫ কেজি, আয়োডিনযুক্ত লবন ১ কেজি, চিনি ১ কেজি, মুগ ডাল ৪.৫ কেজি, বুট ডাল ৪.৫ কেজি (মোট ৬২.৫ কেজি) ইত্যাদি বিতরণ করা হয়।

বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান । এছাড়া এনডিপি এর পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামানসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি উপস্থিত সকলকে করোনা ভাইরাসের ভয়াবহতা সম্পর্কে অবহিত করেন ও সকলকে মাস্ক ব্যবহার করার অনুরোধ করেন। অপরদিকে মালশাপাড়া প্রাথমিক বিদ্যালয়ে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সরকার অসীম কুমার। তিনি উপস্থিত সকলকে প্রাণঘাতি ভাইরাস সম্পর্কে অবগত করেন এবং সরকারের পক্ষ হতে এনডিপিকে ধন্যবাদ জানান।

## হিউম্যান রাইট্স কর্মসূচি'র ৩৫০ পরিবারকে খাদ্য সহায়তা

২৮ ও ৩০ এপ্রিল ২০২০ সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলায় ১৫০ পরিবার এবং তাড়াশ উপজেলার ২০০ পরিবারসহ মোট ৩৫০ পরিবারকে খাদ্য সহায়তা প্রদান করা হয়। এনডিপি'র হিউম্যান রাইট্স কর্মসূচি'র সহায়তায় সরকার প্রদত্ত নিয়ম অনুসারে সামাজিক দুরত্ব বজায় রেখে বিতরণ কার্যক্রমটি সফলভাবে বাস্তবায়ন করা হয়। ইউএনডিপি ও জাতীয় মানবাধিকার কমিশন এর অর্থায়নে পরিচালিত খাদ্য ও অন্যান্য উপকরণ সামগ্রীর মধ্যে ছিলো প্রতিটি পরিবারের জন্য ১৫ কেজি চাল, ৫ কেজি আলু, ৫ কেজি আটা, ২ কেজি চিনি, ২ লিটার তেল, ১ কেজি চিড়া, ৩ কেজি পিঁয়াজ ও ২ টি করে গোসলের সাবান। সমগ্র বিতরণ কার্যক্রমটি এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এর নেতৃত্বে স্থানীয় ব্যাক্তিবর্গসহ শেষ করা হয়।



*রায়গঞ্জ উপজেলার উপকারভোগীদের একাংশ*

## মা ও শিশু সহায়তা কর্মসুচি'র করোনা সচেতনতামুলক কার্যক্রম

করোনা মহামারির কারণে সরকারি নির্দেশনা অনুযায়ী সকল প্রকার জনসমাগম বন্ধ থাকলেও ভিন্ন কৌশল অবলম্বন করে কার্যক্রম চলমান রাখা হয়েছে। করোনা বিষয়ক স্বাস্থ্য বিধি অনুসরণ করে কর্মসূচির আওতাভূক্ত উপকারভোগীদের করোনা বিষয়ক সচেতনতা এবং খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ক আচরণ পরিবর্তনের জন্য বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসুচি (ডব্লিউএফপি)'র কারিগরি সহায়তায় ও এনডিপি'র কৌশলগত পরিকল্পনায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের কাজের মধ্যে ইউনিয়ন পর্যায়ে কর্মরত নারী উন্নয়ন কর্মীগণের মাধ্যমে সচেতনতামূলক কাযক্রম পরিচালনা করা হচ্ছে। নিরাপদ দূরত্ব বজায় রেখে এবং বাসায় বসে মোবাইল ফোন কলের মাধ্যমে প্রত্যেক উপকারভোগী মা'কে কর্মসুচির তথ্য প্রদানসহ করোনা বিষয়ক সচেতনতামূলক তথ্য প্রদান করা হচ্ছে। জনসমাগম স্থান যথাসম্ভব এড়িয়ে চলা, সামাজিক দুরত্ব বজায় রাখা, বাহিরে মাস্ক পরা, নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়া, সর্দি বা কাঁশি থাকলে শিশুকে দুধ পান করানোর সময় মাস্ক পরা, ঘরে ফিরে পরিধানকৃত কাপড় পরিবর্তন করা, সম্ভব হলে গরম পানি ব্যবহার করা ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। সতর্কতামূলক বার্তাগুলি মায়েদের কাছে সহজে পৌছানোর জন্য ইউনিয়ন স্বাস্থ্যকর্মী, ইউনিয়ন পরিবার পরিকল্পনা কর্মী, সিএইচসিপি, স্থানীয় পল্লী চিকিৎসক বিভিন্নভাবে কাজ চালিয়ে যাচ্ছেন।

## কোভিড-১৯ সচেতনতায় সমৃদ্ধি'র কার্যক্রম



সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণের অংশ বিশেষ

পাবনা জেলার বেড়া উপজেলায় ও নাটোর জেলা গুরুদাসপুর উপজেলায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। বেড়া উপজেলায় চাকলা ইউনিয়নে এবং গুরুদাসপুর উপজেলায় মশিন্দা ইউনিয়নে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি করোনাকালীন সময়ে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে নানা ধরণের কার্যক্রম বাস্তবায় করছে। এরই মধ্যে বেড়া উপজেলায় করোনা বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে মাস্ক ৫০০টি, লিফলেট ৪৫০টি বিতরণ করা হয়েছে। এছাড়া প্রতিটি খানায় স্বাস্থ্য পরিদর্শকদের কাউন্সিলিং করা হয়েছে ৩,৮৩৪টি। অন্যান্য কার্যক্রমের মধ্যে যুব ও কিশোরী দলের ৯টি হাত ধোয়া কার্যক্রম, ২ দিন ব্যাপী মাইকিং, সচেতনতার জন্য যুবদের ব্যানার ঝুলানো ১টি, গ্রামে যুব ও কিশোরী দলের কাউন্সিলিং (খানা) ২০০০টি। একইসাথে গুরুদাসপুর উপজেলায় সংস্থার নিজস্ব অর্থায়নে মাস্ক বিতরণ ২০০টি, স্যানিটাইজার ব্যবহার নিশ্চিতকরণ ক্যাম্পেইন, সচেতনতামূলক ক্যাম্পেইন (পাবিবারিক পর্যায়ে) ৮,৬০০ টি খানা, সচেতনতামূলক লিফলেট বিতরণ ৫০০টি এবং

## করোনা সচেতনতা বৃদ্ধিতে সিজিবিভি প্রকল্প

মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) এর অর্থায়নে সিরাজগঞ্জ জেলায় জেন্ডার সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্প (সিজিবিভি) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি সিজিবিভি প্রকল্পটিও কোভিড-১৯ মোকাবেলায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। সিরাজগঞ্জ সদর উপজেলার কালিয়াহরিপুর এবং সয়দাবাদ ইউনিয়নের ১৪ টি গ্রামে ২৬৬টি সচেতনতামুলক সেশনের মাধ্যমে স্বাস্থ্য বিধি সম্পর্কে অবহিত করা হয়। এতে ১৪০ টি নারী দল, ৪২টি পুরুষ দল, ৪২ টি কিশোর-কিশোরী দল, ৪২টি যুব দল, ২টি ইউনিয়ন সোসাল সাপোর্ট গ্রুপ, ১টি উপজেলা সোসাল সাপোর্ট গ্রুপ অংশগ্রহণ করেন। উক্ত সেশনে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে ৩,৫৫০ জন নারী, ৮৭০ জন পুরুষ ৮৭০, ৮৪০ জন কিশোর, ৮৪০ জন কিশোরীসহ মোট ৬,১০০ জন উপস্থিত ছিলেন। এছাড়াও প্রকল্পের মাধ্যমে ৫,০০০ লিফলেট ও ৯০০টি সুরক্ষা ফেস মাস্ক বিতরণ করা হয়।

## এনডিপি'র মাস্ক ও লিফলেট বিতরণ

২৯ মার্চ ২০২০ এনডিপি'র নিজস্ব তহবিলে করোনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিতে ৫০ হাজার লিফলেট ও ২০ হাজার মাস্ক বিতরণ করা হয়। সিরাজগঞ্জ জেলার প্রতিটি উপজেলায় এই সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ণ করা হয়। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান ও থানায় সরাসরি ১০ হাজার মাস্ক ও লিফলেট প্রদান করা হয়। এনডিপি কর্তৃক সরাসরি জনসমাগম হয় এমন স্থানে যেমন রাস্তার মোড়, হাট-বাজার ও দলীয় সভায় এসব উপকরণ সামগ্রী



কামারখন্দ উপজেলা চেয়ারম্যান এর নিকট সুরক্ষা সমগ্রী তুলে দিচ্ছেন এনডিপি'র প্রোগ্রাম অফিসার

বিতরণ করা হয়। সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান এস.এম. শহীদুল্লাহ সবুজ এর নিকট মাস্ক ও লিফলেট হস্তান্তর করেন এনডিপি'র সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির (প্রকল্প কর্মকর্তা) মোঃ ফজল করিম। কামারখন্দ উপজেলা প্রেসকাবের সভাপতি গোলাম কিবরিয়া এসময় উপস্থিত ছিলেন। উল্লেখ্য এনডিপি'র সকল কার্যক্রমের অধীনে করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম চলমান রয়েছে।

## এসইপি কর্মসূচির সচেতনতামূলক কার্যক্রম

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে Sustainable Enterprise Project (SEP) এর আওতায় সিরাজগঞ্জ জেলার কামারখন্দ, সিরাজগঞ্জ সদর ও বেলকুচি উপজেলায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি থেকে মূলত: তাঁত সংশ্লিষ্ট ব্যবসায়ীদের ব্যবসাকে গতিশীল করতে আর্থিক ঋণ প্রদান করা হয়। এছাড়া করোনকালীন সময়েও বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে প্রকল্পটির মাধ্যমে। কোভিড-১৯ মোকাবেলায় কামারখন্দ উপজেলার বাগবাড়ি ও কাটাখালি শাখা, সিরাজগঞ্জ সদর উপজেলার বাগবাটি, ফুলকোচা ও সয়দাবাদ শাখা এবং বেলকুচি উপজেলার বেলকুচি, দৌলতপুর ও তামাই শাখার অধীনে সচেতনতামূলক সভা করা হয়। এতে ৮টি পরিবেশ ক্লাবের ১৬০ জন সদস্য (তাঁত উদ্যোক্তা) অংশগ্রহণ করেন। সভায় করোনা প্রতিরোধে স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক ধারণা প্রদান করা হয়। উপস্থিত সকলেই সামাজিক দূরত্ব বজায় রেখে চলা, মাস্ক ব্যবহার করা ও নিয়মিত হাত ধোঁয়াসহ অন্যান্য সকল স্বাস্থ্য বিধি মেনে চলার অঙ্গীকার ব্যক্ত করেন।

## ডেইরী ভ্যালু চেইন প্রকল্পের কোভিড কার্যক্রম

পিকেএসএফ এর আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত ডেইরী ভ্যালু চেইন প্রকল্পের কোভিড কার্যক্রম সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলঃ

| ক্র.নং | কোভিড বিষয়ক কার্যক্রম সমূহ | সংখ্যা |
|---|---|---|
| ০১ | উপকরণ সরবরাহকারী, সার্ভিস প্রোভাইডার, বড় খামারী, দুধ ব্যবসায়ী, দুগ্ধজাত পণ্য তৈরীকারকদের কোভিড বিষয়ক প্রশিক্ষণ | ১১২৫ জন |
| ০২ | বাজারের বায়োসে পটি বিষয়ক কর্মকাণ্ড গ্রহণ | ৫টি |
| ০৩ | দুধের বাজার কমিটির লোকজনদের কোভিড বিষয়ক প্রশিক্ষণ | ৫০টি |
| ০৪ | কোভিড বিষয়ক সচেতনতামূলক কর্মকাণ্ড গ্রহণ | ১০০টি |

যোগাযোগ ঃ
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭০-১, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০০, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org